

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় বয়াতি গ্রেপ্তার ও কারাগারে প্রেরণ হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)’র গভীর উদ্দেগ এবং মুক্তি প্রদানের দাবি

[১৯ জানুয়ারি ২০২০] ধর্মীয় অনুভূতিতে আঘাত দেয়ার অভিযোগে টাঙ্গাইলের মির্জাপুরের বাউল শিল্পী শরিয়ত সরকার বয়াতির বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করা হয়। তাকে এ মামলায় গ্রেপ্তারের পর তিনি দিনের রিমাণ শেষে জেলহাজতে প্রেরণ করা হয়েছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনায় গভীর উদ্দেগ প্রকাশ করছে এবং অন্তিবিলম্বে তাকে মুক্তি দেয়ার দাবি জানাচ্ছে। একইসাথে শরিয়ত বয়াতি ও তার পরিবার এবং অন্যান্য বাউল শিল্পীদের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি নির্বিশ্লেষে তাদের সংগীত চর্চা ও সাংস্কৃতিক কার্যক্রম চালিয়ে যাবার পরিবেশ তৈরির দাবি জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা যায়, ১০ জানুয়ারি ২০২০ রাতে ময়মনসিংহের ভালুকা উপজেলা থেকে শরিয়ত সরকারকে গ্রেপ্তার করা হয়। তার বিরুদ্ধে মির্জাপুর থানায় ধর্মীয় অনুভূতিতে আঘাত করার লিখিত অভিযোগ করেন মির্জাপুরের আগধল্যা ধামের বাসিন্দা মাওলানা ফরিদুল ইসলাম। পুলিশ অভিযোগটিকে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা হিসেবে গ্রহণ করে। ১১ জানুয়ারি ২০২০ পুলিশ শরিয়ত সরকারকে গ্রেপ্তারের পর আদালতে হাজির করে। তাকে জিজ্ঞাসাবাদের জন্য ১০ দিনের রিমাণের আবেদন করা হলে আদালত ৩ দিনের রিমাণ মঞ্চের করেন। রিমাণ শেষে আদালত তাকে জেল হাজতে পাঠানোর আদেশ দেন। গণমাধ্যমসূত্রে আরো জানা গেছে, বয়াতির পরিবার নিরাপত্তাহীনতায় ভুগছে। তাদের ক্রমাগত ভূমিক দেয়া হচ্ছে। এ কারণে শরিয়ত সরকারের তিনি ছেলেমেয়ে ভয়ে বিদ্যালয়ে যেতে পারছেনা বলেও জানা গেছে।

এই ঘটনা বাংলার ঐতিহ্যবাহী সাংস্কৃতিক চর্চার প্রতি ভূমকিস্বরূপ। দীর্ঘদিন ধরে একটি স্বার্থব্দৈষী গোষ্ঠী বাউল শিল্পীদের নিয়ে যে নেতৃত্বাচক প্রচারণা চালিয়ে আসছে এটা তারই অংশ বলে আমরা মনে করি। উল্লেখ্য, ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ পাশ হবার পূর্ব থেকেই এ আইনটির সম্ভাব্য অপ্রয়োগ নিয়ে ফোরাম সদস্যরা শক্তি প্রকাশ করে আসছে। শরিয়ত বয়াতিকে গ্রেফতার ও নির্যাতনের ঘটনা আমাদের সেই আশক্ষাকে সত্য বলে প্রমান করে। এই আইনের অপ্রয়োগ বন্ধে আমরা সরকারের প্রতি জরুরী পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছি।

Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197, Fax: +88-02-810 0187

Email: ask@citechco.net web: www.askbd.org

Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagarik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).